
# বাংলাদেশের সংবিধান ও সরকার ব্যবস্থা



# বাংলাদেশের সংবিধানের কত অনুচ্ছেদে পেশা বা বৃত্তির স্বাধীনতা সম্পর্কে বলা হয়েছে?

ক. ৪২ খ. ৩৯

গ. ৪০ ঘ. ৪১

বাংলাদেশের সংবিধানের ৪০নং অনুচ্ছেদ অনুযায়ী পেশা বা বৃত্তির স্বাধীনতা রয়েছে। অর্থাৎ একজন ব্যক্তি তার জীবিকা নির্বাহ করার ব্যাপারে কোন পেশা গ্রহণ করবেন সেই ব্যাপারে সম্পূর্ণ স্বাধীন।

(কিন্তু স্বাধীন বলে কেউ যদি আবার চুরি/ডাকাতিকে পেশা হিসেবে নিতে গিয়েও সংবিধানের ৪০ নং অনুচ্ছেদের কথা বলে, তাহলে কিন্তু হবে না)। চুরি বা ডাকাতি একটি অপরাধমূলক কাজ, যা বাংলাদেশের পেনাল কোড অনুযায়ী শাস্তিযোগ্য।

# প্রধান বিচারপতি নিয়োগ দেন কে?

ক. স্পিকার

খ. জাতীয় সংসদ

গ. রাষ্ট্রপতি

ঘ. প্রধানমন্ত্রী

বাংলাদেশের সংবিধানের ৯৫(১) অনুচ্ছেদে বলা হয়েছে- 'প্রধান বিচারপতি রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হইবেন এবং প্রধান বিচারপতির সহিত পরামর্শ করিয়া রাষ্ট্রপতি অন্যান্য বিচারককে নিয়োগদান করিবেন।'

# বাংলাদেশের জাতীয় সংসদ বর্তমানে মোট কতজন সদস্য নিয়ে গঠিত হয়?

ক. ৩৪৫ জন খ. ৩৫০ জন

গ. ৩৫৫ জন ঘ. ৩০০ জন

১৯৭২ সালের মূল সংবিধান অনুযায়ী জাতীয় সংসদ ৩১৫ জন সদস্য নিয়ে গঠিত হতো। এর মধ্যে ৩০০ জন প্রাপ্তবয়স্কদের ভোটে প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত হতেন। বাকি ১৫ জন সংসদ সদস্যদের ভোটে বা পরোক্ষ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত হতো।

চতুর্দশ সংশোধনীতে মহিলাদের জন্য ৪৫টি আসন সংরক্ষণ করা হয়েছে। সংসদে প্রতিনিধিত্বকারী রাজনৈতিক দলগুলোর মধ্যে সংখ্যানুপাতে এ আসন বন্টিত হয়েছে। পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে সংসদে সংরক্ষিত নারী আসনের সংখ্যা ৫০-এ উন্নীত করা হয়েছে, ফলে জাতীয় সংসদের আসন সংখ্যা বর্তমানে ৩৫০।

# কোনটি সাংবিধানিক প্রতিষ্ঠান?

ক. দুর্নীতি দমন কমিশন

খ. জাতীয় মানবাধিকার কমিশন

গ. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক

ঘ. জাতীয় তথ্য কমিশন

# সাংবিধানিক পদ ৯টি, সাংবিধানিক সংস্থা বা প্রতিষ্ঠান ৭টি

- ১.রাষ্ট্রপতি
- ২.প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী
- ৩. স্পিকার ও ডেপুটি স্পিকার
- ৪. সংসদ সদস্যগণ
- ৫. প্রধান বিচারপতি ও অন্যান্য বিচারপতি
- ৬. নির্বাচন কমিশনার ও অন্যান্য নির্বাচন কমিশনার
- ৭. অ্যাটর্নি জেনারেল
- ৮. সরকারি কর্ম কমিশন চেয়ারম্যান
- ৯. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক

- ১। নির্বাহী বিভাগ বা শাসন বিভাগ
- ২। আইন বিভাগ
- ৩। বিচার বিভাগ
- ৪। নির্বাচন কমিশন
- ৫। সরকারি কর্ম কমিশন
- ৬। অ্যাটর্নি জেনারেলের কার্যালয়
- ৭। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়


বাংলাদেশের জাতীয় পতাকার দৈর্ঘ্য, প্রস্থ এবং মাঝের লালবৃত্তের ব্যাসার্ধের অনুপাত যথাক্রমে__

ক. ৫:৩:১

খ. ৩:১:০.৫

গ. ৪:২:১

ঘ. ১০:১২:১



# ৫:৩:১

- **দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত:** ১০:৬, যা সরলীকরণ করলে ৫:৩ হয়।
- **লাল বৃত্তের ব্যাসার্ধ:** পতাকার মোট দৈর্ঘ্যের পাঁচ ভাগের এক ভাগ। ৫×১/৫ = ১
- বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৪(ক) অনুযায়ী জাতীয় সঙ্গীত, পতাকা ও প্রতীক সম্পর্কিত বিধানাবলী আইনের দ্বারা নির্ধারিত হবে।

## বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেন-

ক. মাননীয় স্পিকার

খ. মাননীয় চিফ হুইপ

গ. মহামান্য রাষ্ট্রপতি

ঘ. মাননীয় প্রধানমন্ত্রী

বাংলাদেশের রাষ্ট্রপতি জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেন। তিনি সংবিধানের ৭২(১) অনুচ্ছেদ অনুযায়ী সরকারি বিজ্ঞপ্তি জারি করে সংসদ আহ্বান, স্থগিত ও ভেঙে দিতে পারেন, তবে প্রধানমন্ত্রী কর্তৃক লিখিত পরামর্শ অনুযায়ী এই ক্ষমতা প্রয়োগ করা হয়।

## কবে বাংলাদেশ শিশু অধিকার সনদ বাস্তবায়নে অঙ্গীকার নেয়?

ক. ১৯৯০ সালের ৩ আগস্ট

খ. ১৯৯০ সালের ৩ মে

গ. ১৯৯০ সালের ৩ জুলাই

ঘ. ১৯৯০ সালের ৩ সেপ্টেম্বর

১৯৯০ সালের ৩ আগস্ট বাংলাদেশ শিশু অধিকার সনদ বাস্তবায়নে অঙ্গীকার নেয়। বাংলাদেশ এই সনদে স্বাক্ষর এবং অনুসমর্থন করে, যার মাধ্যমে শিশুদের অধিকার রক্ষায় রাষ্ট্রীয় অঙ্গীকার ব্যক্ত করা হয়।

# বাংলাদেশের অস্থায়ী সংবিধান আদেশ কত তারিখে জারি করা হয়?

ক. ১৯৭২ সালের ২৩ মার্চ

খ. ১৯৭২ সালের ১২ অক্টোবর

গ. ১৯৭২ সালের ৪ নভেম্বর

ঘ. ১৯৭২ সালের ১১ জানুয়ারি

বাংলাদেশের অস্থায়ী সংবিধান আদেশ জারি করা হয় 11 জানুয়ারি, 1972 সালে । 1972 সালের 23 মার্চ গণপরিষদ আদেশ জারি করা হয় (যা 26 মার্চ 1971 সালে কার্যকর হয়)। 1972 সালের 12 অক্টোবর খসড়া সংবিধান প্রণয়ন কমিটির দ্বিতীয় অধিবেশনে ড. কামাল হোসেন কর্তৃক খসড়া সংবিধান উত্থাপন করা হয়। 4 নভেম্বর, 1972 সালে গণপরিষদ কর্তৃক খসড়া সংবিধান গৃহীত হয়। 4 নভেম্বর বাংলাদেশের সংবিধান দিবস।

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কোন তারিখ থেকে কার্যকর হয়?

ক. নভেম্বর ৪, ১৯৭২

খ. জানুয়ারি ০১, ১৯৭২

গ. ডিসেম্বর ১৬, ১৯৭১

ঘ. ডিসেম্বর ১৬, ১৯৭২

৪ নভেম্বর ১৯৭২ গৃহীত হয় এবং ১৬ ডিসেম্বর ১৯৭২ থেকে কার্যকর হয়।


# বাংলাদেশের প্রশাসনিক কাঠামোর সর্বনিম্ন স্তর কোনটি?

ক. জেলা　　　　খ. উপজেলা

গ. ইউনিয়ন　　　　ঘ. থানা

বাংলাদেশের "স্থানীয় প্রশাসন" একটি প্রশাসনিক ব্যবস্থা যা সরকারের বেতনভুক্ত কর্মকর্তা ও কর্মচারী দ্বারা পরিচালিত হয়। বাংলাদেশের স্থানীয় প্রশাসনিক কাঠামো ৩টি স্তরে বিভক্ত যার সর্বনিম্ন স্তর হলো উপজেলা প্রশাসন। এর উপরের দুটি স্তর নিম্নক্রমে জেলা প্রশাসন ও বিভাগীয় প্রশাসন।

- স্থানীয় প্রশাসনের সর্বনিম্ন স্তর - উপজেলা প্রশাসন
- স্থানীয় সরকারের সর্বনিম্ন স্তর - ইউনিয়ন পরিষদ



# ভবন নির্মাণের সময় কী মেনে চলা বাধ্যতামূলক?

ক. বিল্ডিং অধ্যাদেশ

খ. বিল্ডিং কোড

গ. ভবন অনুনিয়ম

ঘ. ভবন আইন

- ভবন নির্মাণের সময় বিল্ডিং কোড মেনে চলা বাধ্যতামূলক।
- ১৯৯৩ সালের ২৮শে ডিসেম্বর অনুষ্ঠিত একনেক সভায় ‘বাংলাদেশ বিল্ডিং কোড ১৯৯৩’ অনুমোদন করা হয়।

# অধ্যাদেশ প্রণয়ন ও জারি করতে পারেন কে?

ক. স্পিকার　　　　খ. রাষ্ট্রপতি

গ. প্রধানমন্ত্রী　　　　ঘ. প্রধান বিচারপতি

- অধ্যাদেশ প্রণয়ন ও জারি করতে পারেন রাষ্ট্রপতি।
- বাংলাদেশের রাষ্ট্রপতি সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদ অনুসারে সংসদের অধিবেশন না থাকলে কোন জরুরী পরিস্থিতি মোকাবেলার জন্য অধ্যাদেশ জারি করতে পারেন। সংসদ ভেঙ্গে যাওয়া অবস্থায়ও তিনি ক্ষমতা প্রয়োগ করতে পারেন।

# মো. জিল্লুর রহমান বাংলাদেশের কততম রাষ্ট্রপতি ছিলেন?

ক. ১৯তম

খ. ২০তম

গ. ১৬তম

ঘ. ১৮তম

- অন্য একটি প্রশ্ন:

জিয়াউর রহমানের আগে বাংলাদেশের রাষ্ট্রপতি কে ছিলেন?

- জিয়াউর রহমান ১৯৭৭ সালের ২১শে এপ্রিল তৎকালীন ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি আবু সাদাত মোহাম্মদ সায়েমকে সরিয়ে বাংলাদেশের রাষ্ট্রপতি হন।

# বাংলাদেশ গণপ্রজাতন্ত্রের ঘোষণা হয়েছিল কবে?

ক. ২৬ মার্চ ১৯৭১ খ. ১১ এপ্রিল ১৯৭১

গ. ১৭ এপ্রিল ১৯৭১ ঘ. ১০ জানুয়ারি ১৯৭২

১০ এপ্রিল ১৯৭১ সালে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয় এবং অস্থায়ী সরকার গঠন করা হয়। অস্থায়ী সরকার বা মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে ১৭ এপ্রিল ১৯৭১ সালে মেহেরপুর জেলার বৈদ্যনাথতলায়। স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন অধ্যাপক এম ইউসুফ আলী।

# কার কর্তৃত্বের উপর আদালতের কোন এখতিয়ার নেই?

ক. রাষ্ট্রপতি খ. প্রধানমন্ত্রী

গ. প্রধান বিচারপতি ঘ. সেনাপ্রধান

সংবিধানের ৫২ নং অনুচ্ছেদ অনুযায়ী, রাষ্ট্রপতি সংবিধান লঙ্ঘন বা গুরুতর কোনো অভিযোগে অভিযুক্ত হলে অভিশংসনের মাধ্যমে তাকে মেয়াদ শেষ হওয়ার আগেই অপসারণ করা যায়। এজন্য সংসদে দুই-তৃতীয়াংশ সদস্যের ভোটের প্রয়োজন হয়।

# বাংলাদেশে প্রথম উপজেলা নির্বাচন হয় কোন সালে?

ক. ১৯৮৩ খ. ১৯৮৫

গ. ১৯৮৪ ঘ. ১৯৮৬

বাংলাদেশের প্রথম উপজেলা নির্বাচন হয় ১৯৮৫ সালে। উপজেলা পরিষদের প্রধান উপজেলা চেয়ারম্যান। এরশাদ দেশে উপজেলা পদ্ধতি চালু করেন এবং ১৯৮৫ সালে প্রথম উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়।

# মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় কোন সালে গঠিত হয়?

ক. ১৯৯৮ সালে

খ. ২০০১ সালে

গ. ২০০০ সালে

ঘ. ২০০২ সালে

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ২০০১ সালের ২৩শে অক্টোবর গঠিত হয়। প্রথমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে এর কার্যক্রম শুরু হয়েছিল।

# বাংলাদেশ সরকার ব্যবস্থা কোন ধরনের?

ক. ফেডারেল সরকার

খ. মন্ত্রিপরিষদ শাসিত

গ. লিবারেল সরকার

ঘ. রাষ্ট্রপতি শাসিত

বাংলাদেশের সরকার ব্যবস্থা মন্ত্রিপরিষদ শাসিত । এই ব্যবস্থায় প্রধানমন্ত্রীই সর্বেসর্বা। বাংলাদেশের সংবিধান ৫৫(২) নং অনুচ্ছেদ অনুযায়ী, প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা প্রধানমন্ত্রী কর্তৃক প্রযুক্ত হয়।

বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে শিক্ষার জন্য সাংবিধানিক অঙ্গীকার ব্যক্ত আছে?

ক. ১৬

খ. ১৭

গ. ১৪

ঘ. ১৫

অনুচ্ছেদ ১৭: রাষ্ট্র সকল নাগরিকের জন্য, আইনের দ্বারা নির্ধারিত স্তর পর্যন্ত, অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষাসহ একই পদ্ধতির গণমুখী ও সার্বজনীন শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠার জন্য সচেষ্ট হবে।

# বাংলাদেশের সংবিধান কতবার সংশোধিত হয়েছে?

ক. ১৭ | খ. ১৪

গ. ১৬ | ঘ. ১৫

বাংলাদেশের সংবিধান এ পর্যন্ত ১৭ বার সংশোধিত হয়েছে। ১৯৭২ সালে প্রণীত এই সংবিধান কার্যকর হওয়ার পর থেকে বিভিন্ন সময়ে মোট ১৭টি সংশোধনী আনা হয়েছে।

# কোনটি সাংবিধানিক প্রতিষ্ঠান নয়?

ক. বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

খ. পাবলিক সার্ভিস কমিশন

গ. রাষ্ট্রপতির কার্যালয়

ঘ. নির্বাচন কমিশন

বাংলাদেশের সাংবিধানিক প্রতিষ্ঠানগুলো হচ্ছে - **নির্বাচন কমিশন , মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের দপ্তর ,সরকারি কর্ম কমিশন , অ্যাটর্নি জেনারেলের কার্যালয় ও রাষ্ট্রপতির কার্যালয়** ।

## সংসদ অধিবেশন সমাপ্ত হওয়ার কত দিন পর আবার ডাকা বাধ্যতামূলক?

ক. ৯০ দিন

খ. ৬০ দিন

গ. ৭০ দিন

ঘ. ৮০ দিন

বাংলাদেশের সংবিধানের ৭২(১) অনুচ্ছেদ অনুযায়ী, সংসদের একটি অধিবেশন শেষ হওয়ার পর পরবর্তী অধিবেশনের প্রথম বৈঠক শুরু হওয়ার মধ্যে ৬০ দিনের বেশি বিরতি থাকা যাবে না।

# বাংলাদেশ সিভিল সার্ভিসে ক্যাডার কয়টি?

| | |
|---|---|
| ক. ৫টি | খ. ২১টি |
| গ. ২২টি | ঘ. ২৯টি |

মোট ক্যাডার সংখ্যা: ২৬টি।

ক্যাডার বিন্যাস:

- সাধারণ ক্যাডার: ১৪টি।
- কারিগরি/পেশাগত ক্যাডার: ১২টি।

## বাংলাদেশের প্রথম জাতীয় সংসদের প্রথম স্পিকার কে ছিলেন?

ক. মাওলানা আবদুর রশীদ তর্কবাগীশ

খ. হুমায়ুন রশীদ চৌধুরী

গ. শাহ আবদুল হামিদ

ঘ. সৈয়দ নজরুল ইসলাম

- গণপরিষদ অধিবেশন (১১ এপ্রিল, ১৯৭২ - ১৬ ডিসেম্বর ১৯৭২) স্পিকার ছিলেন শাহ আব্দুল হামিদ।
- বাংলাদেশ জাতীয় সংসদ (প্রথম অধিবেশন ৭ এপ্রিল ১৯৭৩ - ৬ নভেম্বর ১৯৭৫) স্পিকার ছিলেন মোহাম্মদউল্লাহ।



# সরকার রাষ্ট্র গঠনের কততম উপাদান?

ক. প্রথম

খ. দ্বিতীয়

গ. চতুর্থ

ঘ. তৃতীয়

সরকার হলো রাষ্ট্র গঠনের তৃতীয় উপাদান। রাষ্ট্র গঠনের জন্য মোট চারটি অপরিহার্য উপাদান রয়েছে: নির্দিষ্ট ভূখণ্ড, জনগণ, সরকার এবং সার্বভৌমত্ব। এই চারটি উপাদানের যেকোনো একটি অনুপস্থিত থাকলে তা রাষ্ট্র হিসেবে বিবেচিত হবে না।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সর্বোচ্চ আইন কী?

ক. মৃত্যুদণ্ড খ. সংবিধান

গ. সংসদ ঘ. ফৌজদারী আইন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সর্বোচ্চ আইন হলো সংবিধান। এটি দেশের সর্বোচ্চ আইন এবং অন্য কোনো আইন যদি সংবিধানের সাথে অসামঞ্জস্যপূর্ণ হয়, তবে সেই আইনের যে অংশ অসামঞ্জস্যপূর্ণ, তা বাতিল হয়ে যাবে।

# জাতীয় সংসদে কোরাম হয় কত জনে?

ক. ৯০ খ. ৭৫

গ. ৭০ ঘ. ৬০

বাংলাদেশের সংবিধানের ৭৫ নং অনুচ্ছেদ অনুযায়ী ৬০ জন সদস্য উপস্থিত না থাকলে জাতীয় সংসদে কোরাম পূরণ হবে না।

*কোরাম হলো কোনো সভা বা কমিটির কাজ পরিচালনার জন্য উপস্থিত থাকা আবশ্যক সর্বনিম্ন সদস্য সংখ্যা।

# প্রধান নির্বাচন কমিশনারের মেয়াদকাল কত?

ক. ৭ বছর

খ. ৬ বছর

গ. ৫ বছর

ঘ. ৩ বছর

বাংলাদেশ সংবিধানের ১১৮(৩) নং অনুচ্ছেদ অনুযায়ী প্রধান নির্বাচন কমিশনারের পদের মেয়াদ ৫ বছর

# সংবিধানের পঞ্চম সংশোধনী গৃহীত হয়-

ক. ১৯৭৭ সালে | খ. ১৯৭৮ সালে

গ. ১৯৭৯ সালে | ঘ. ১৯৮০ সালে

বাংলাদেশের সংবিধানের পঞ্চম সংশোধনী ১৯৭৯ সালের ৬ এপ্রিল জাতীয় সংসদে গৃহীত হয়।

এই সংশোধনী দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট থেকে ১৯৭৯ সালের ৫ এপ্রিল পর্যন্ত সামরিক সরকারের অধীনে জারি করা সকল আইন ও আদেশকে বৈধতা দেওয়া হয়

# ঢাকা বিভাগে কয়টি জেলা?

ক. ১৪টি খ. ১৫টি

গ. ১৭টি ঘ. ১২টি

১৮২৯ সালে ঢাকা বিভাগ হিসেবে প্রতিষ্ঠা হয়। ঢাকা বিভাগের মোট জেলা ১৩টি। জেলাগুলো হচ্ছে-ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, গোপালগঞ্জ, ফরিদপুর ও রাজবাড়ী।

## সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের নাগরিকগণ বাংলাদেশী বলে পরিচিত হবেন?

| | |
|---|---|
| ক. ৮ | খ. ৬(১) |
| গ. ৭(১) | ঘ. ৬(২) |

বাংলাদেশের সংবিধানের ৬(২) অনুচ্ছেদ অনুযায়ী, বাংলাদেশের নাগরিকগণ বাংলাদেশী বলে পরিচিত হবেন।

## ২০০৪ সাল পর্যন্ত সংবিধান সংশোধন করা হয়েছে-

ক. ৫ বার

খ. ৭ বার

গ. ৮ বার

ঘ. ১৪ বার

৮ জুলাই ২০১৮ জাতীয় সংসদে সংবিধানের সপ্তদশ সংশোধনী পাস হওয়ায় বর্তমান পর্যন্ত ১৭ বার সংবিধান সংশোধন হয়।

## তত্ত্বাবধায়ক সরকারের আইনটি জাতীয় সংসদে কবে পাশ করা হয়?

ক. ১৯৯০ খ. ১৯৯১

গ. ১৯৯৬ ঘ. ১৯৯৭

সংবিধানের ত্রয়োদশ সংশোধনীটি ১৯৯৬ সালের ২৬ মার্চ

সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে (২০১১) তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলুপ্ত করা হয়। তবে, ১৭ ডিসেম্বর ২০২৪, নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থার বিধান পুনর্বহাল করেছেন হাইকোর্ট।

# কে আইন প্রণয়ন করেন?

ক. প্রধানমন্ত্রী

খ. বিচার বিভাগ

গ. আইনসভা

ঘ. শাসন বিভাগ

আইনসভা আইন প্রণয়ন করে। বাংলাদেশে এটি জাতীয় সংসদ, যা দেশের সর্বোচ্চ আইনসভা এবং আইন প্রণয়নের ক্ষমতা এর হাতেই ন্যস্ত। জাতীয় সংসদ কর্তৃক প্রণীত বিলে রাষ্ট্রপতি সম্মতি দিলে তা আইনে পরিণত হয়।

## সাধারণ নির্বাচনের কতদিনের মধ্যে সংসদ আহ্বান করতে হয়?

ক. ১৫ দিন

খ. ৩০ দিন

গ. ৬০ দিন

ঘ. ৯০ দিন

*বাংলাদেশে সাধারণ নির্বাচনের ফলাফল ঘোষণার ৩০ দিনের মধ্যে সংসদ অধিবেশন আহ্বান করতে হয়।

## বাংলাদেশের মন্ত্রিপরিষদ তাদের কাজকর্মের জন্য কার কাছে দায়ী?

ক. রাষ্ট্রপতির কাছে

খ. জনগণের কাছে

গ. প্রধানমন্ত্রীর কাছে

ঘ. জাতীয় সংসদের কাছে

আইনসভায় প্রণীত আইনের আলোকে মন্ত্রিসভা প্রধানমন্ত্রীর নেতৃত্বে সরকারের নীতি ও সিদ্ধান্ত বাস্তবায়ন করে এবং সম্পাদিত কার্যাবলীর জন্য সম্মিলিতভাবে জাতীয় সংসদের নিকট দায়বদ্ধ থাকে।

## বাংলাদেশের সংসদীয় ব্যবস্থা সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে পুনঃপ্রবর্তিত হয়?

ক. দ্বাদশ

খ. সপ্তম

গ. নবম

ঘ. একাদশ

বাংলাদেশের সংসদীয় ব্যবস্থা দ্বাদশ সংশোধনীর মাধ্যমে ১৯৯১ সালে পুনঃপ্রবর্তিত হয়। এর আগে, ১৯৭৫ সালের চতুর্থ সংশোধনীর মাধ্যমে সংসদীয় ব্যবস্থার পরিবর্তে রাষ্ট্রপতিশাসিত সরকার ব্যবস্থা চালু করা হয়েছিল।

# বাংলাদেশের সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতির বয়স কমপক্ষে কত বছর হতে হবে?

ক ২৫ বছর খ. ৩০ বছর

গ. ৩৫ বছর ঘ. ৪০ বছর

কোন ব্যক্তি রাষ্ট্রপতি নির্বাচিত হবার যোগ্য হবেন না, যদি তিনি -

(ক) পঁয়ত্রিশ বৎসরের কম বয়স্ক হন; অথবা

(খ) সংসদ - সদস্য নির্বাচিত হবার যোগ্য না হন; অথবা

(গ) কখনও সংবিধানের অধীন অভিশংসন দ্বারা রাষ্ট্রপতির পদ হইতে অপসারিত হয়ে থাকেন।

## তত্ত্বাবধায়ক সরকারের নিয়ন্ত্রণে সর্বপ্রথম কখন নির্বাচন অনুষ্ঠিত হয়?

ক. ১৯৮৬ সালে
খ. ১৯৯১ সালে
গ. ১৯৯৬ সালে
ঘ. ২০০১ সালে

তত্ত্বাবধায়ক সরকারের অধীনে প্রথম নির্বাচন ১৯৯৬ সালে অনুষ্ঠিত হয়। বাংলাদেশের ইতিহাসে এ ধরনের সরকার একটি নিরপেক্ষ প্রশাসন হিসেবে কাজ করে, যা নির্বাচনের সময় সাধারণ নির্বাচন পরিচালনা করে।

# নির্বাচন কমিশনার ও অন্যান্য কমিশনারদের কে নিয়োগ করেন?

ক. প্রধানমন্ত্রী

খ. প্রধান বিচারপতি

গ. রাষ্ট্রপতি

ঘ. পররাষ্ট্রমন্ত্রী

অনুচ্ছেদে ১১৮ এর আওতায় বাংলাদেশ নির্বাচন কমিশন স্থাপনের বিধান প্রনীত হয়েছে এবং এতে বলা হয়েছে প্রধান নির্বাচন কমিশনারকে নিয়ে, এবং –রাষ্ট্রপতি সময়ে যেরুপ নির্দেশ করবেন সেরুপ সংখ্যক অন্যান্য নির্বাচন কমিশনারগণকে নিয়ে বাংলাদেশের নির্বাচন কমিশন থাকবে।

# কোনটির আইনগত ভিত্তি আছে?

ক. দানশীলতার

খ. ধর্মপ্রচার

গ. এতিমখানার

**ঘ. ওয়াক্‌ফ**

অয়াকফ অর্থ সম্পত্তি থেকে আয়কৃত অর্থকে পবিত্রভাবে উৎসর্গ করা। ১৯৬২ সালের ওয়াকফ অধ্যাদেশ এর ২ ধারায় বলা হয়েছে যে, কোনো মুসলমান কর্তৃক ধর্মীয়, পবিত্র বা দাতব্য কাজের উদ্দেশ্যে তার স্থাবর বা অস্থাবর সম্পত্তি স্থায়ীভাবে উৎসর্গ করাকে ওয়াকফ বলে।

# ঢাকা 'পৌরসভা'র প্রথম নির্বাচন কবে অনুষ্ঠিত হয়?

ক. ১৬০৮ সালে

খ. ১৮৬৪ সালে

গ. ১৮৮৪ সালে

ঘ. ১৯৯০ সালে

- ১৮৮৪ সালের ২৪ নভেম্বর ঢাকায় প্রথম পৌর নির্বাচন অনুষ্ঠিত হয়।
- ঢাকা সিটি করপোরেশন ১লা আগস্ট ১৮৬৪ সালে ঢাকা মিউনিসিপ্যালিটি হিসেবে গঠিত হয়। পরবর্তীতে এটি ১৯78 সালে ঢাকা পৌরসভা কর্পোরেশন এবং ১৯৯০ সালে ঢাকা সিটি কর্পোরেশনে রূপান্তরিত হয়।

## বাংলাদেশের কোন জেলায় মাত্র একটি সংসদীয় আসন রয়েছে?

ক. রাঙ্গামাটি

খ. লক্ষ্মীপুর

গ. ভোলা

ঘ. ফেনী

বাংলাদেশের তিন পার্বত্য জেলা বান্দরবান, খাগড়াছড়ি ও রাঙামাটিতে ১টি করে জাতীয় সংসদীয় আসন রয়েছে।

# বাংলাদেশের সংবিধানের কত অনুচ্ছেদে নাগরিক কর্তব্যসমূহ আলোচিত রয়েছে?

ক. ৩১ অনুচ্ছেদ

খ. ২১ অনুচ্ছেদ

গ. ৪১ অনুচ্ছেদ

ঘ. ১১ অনুচ্ছেদ

বাংলাদেশের সংবিধানের ২১ নং অনুচ্ছেদে নাগরিক ও সরকারি কর্মচারীদের কর্তব্যসমূহ আলোচিত হয়েছে। এই অনুচ্ছেদের অধীনে, নাগরিকের উপর অর্পিত দায়িত্ব পালন এবং দেশের প্রতি অনুগত থাকার কথা বলা হয়েছে।

## বাংলাদেশের পররাষ্ট্র নীতিসংক্রান্ত নির্দেশনা সংবিধানের কত অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে?

ক. ২৫ খ. ২৬ গ. ২৭ ঘ. ২৮

বাংলাদেশের পররাষ্ট্রনীতি সংক্রান্ত নির্দেশনা সংবিধানের অনুচ্ছেদ ২৫-এ উল্লেখ করা হয়েছে। এই অনুচ্ছেদে বলা হয়েছে যে, জাতীয় সার্বভৌমত্ব ও সমতার প্রতি শ্রদ্ধা, অন্য রাষ্ট্রের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করা, আন্তর্জাতিক বিরোধের শান্তিপূর্ণ সমাধান এবং আন্তর্জাতিক আইন ও জাতিসংঘের সনদের প্রতি শ্রদ্ধা—এই সকল নীতি হবে রাষ্ট্রের আন্তর্জাতিক সম্পর্কের ভিত্তি।

# অ্যাটর্নি জেনারেল রাষ্ট্রের কোন অংশের কর্মকর্তা?

ক. প্রধানমন্ত্রীর কার্যালয়

খ. নির্বাহী বিভাগ

গ. বিচার বিভাগ

ঘ. মন্ত্রীপরিষদ বিভাগ

অ্যাটর্নি জেনারেল রাষ্ট্রের নির্বাহী বিভাগের কর্মকর্তা। তিনি সরকারের প্রধান আইন উপদেষ্টা এবং বাংলাদেশ সুপ্রিম কোর্টে সরকারের প্রধান আইনজীবী হিসেবে কাজ করেন।

# বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির একমাত্র নারী সদস্য কে ছিলেন?

ক. সাজেদা চৌধুরী

খ. নুরজাহান মোর্শেদ

গ. রাফিয়া চৌধুরী

ঘ. রাজিয়া বানু

- বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির একমাত্র নারী সদস্য ছিলেন বেগম রাজিয়া বানু।
- তার মা নাফিসা বেগম ছিলেন বাংলার সাবেক প্রধানমন্ত্রী আবুল কাশেম ফজলুল হকের মেয়ে।

# বাংলাদেশের সংবিধান অনুযায়ী "কোর্ট অব রেকর্ড" হিসেবে গণ্য-

ক. লেবার কোর্ট

খ. জজ কোর্ট

গ. হাইকোর্ট

ঘ. সুপ্রীম কোর্ট

সংবিধানের ১০৮ অনুচ্ছেদে বলা হয়েছে যে, সুপ্রিম কোর্ট একটি "কোর্ট অব্ রেকর্ড" হবেন এবং এর অবমাননার জন্য তদন্তের আদেশ দান বা দণ্ডাদেশ প্রদানের ক্ষমতাসহ আইন-সাপেক্ষে অনুরূপ আদালতের সকল ক্ষমতার অধিকারী থাকবেন।

# কোনটি বিচার বিভাগের কাজ নয়?

ক. আইনের প্রয়োগ

খ. আইনের ব্যাখ্যা

গ. সংবিধানের ব্যাখ্যা

ঘ. সংবিধান প্রণয়ন

সংবিধান প্রণয়ন বিচার বিভাগের কাজ নয়। সংবিধান প্রণয়ন করা জাতীয় সংসদ এর কাজ।

# 'ধর্মীয় স্বাধীনতা' বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে অন্তর্ভুক্ত?

ক. অনুচ্ছেদ ৩৮

খ. অনুচ্ছেদ ৫০

গ. অনুচ্ছেদ ৪১

ঘ. অনুচ্ছেদ ১০০

বাংলাদেশের সংবিধানের ৪১ অনুচ্ছেদে ধর্মীয় স্বাধীনতা অন্তর্ভুক্ত। এই অনুচ্ছেদ অনুযায়ী, আইন, জনশৃঙ্খলা ও নৈতিকতার সাপেক্ষে প্রত্যেক নাগরিকের যে কোনো ধর্ম পালন, প্রচার ও নিজস্ব ধর্মীয় প্রতিষ্ঠান স্থাপন, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনার অধিকার রয়েছে।

কোনো নাগরিকের মৌলিক অধিকার লঙ্ঘিত হলে সংবিধানের কোন অনুচ্ছেদের বিধান অনুযায়ী তিনি মামলা করতে পারেন?

ক. ৪৪ খ. ৪৭

গ. ১০২ ঘ. ১০৩

কোনো নাগরিকের মৌলিক অধিকার লঙ্ঘিত হলে, তিনি সংবিধানের ১০২ অনুচ্ছেদ অনুযায়ী হাইকোর্ট বিভাগে মামলা করতে পারেন। সংবিধানের ৪৪(১) অনুচ্ছেদ অনুযায়ী এই অধিকার নিশ্চিত করা হয়েছে, যা বলে যে মৌলিক অধিকার বলবৎ করার জন্য ১০২ অনুচ্ছেদ অনুযায়ী হাইকোর্টে মামলা করার অধিকার রয়েছে।

## বাংলাদেশের জাতীয় প্রতীকে কয়টি তারকা আছে?

ক. ২টি

খ. ৩টি

গ. ৪টি

ঘ. ৫টি

বাংলাদেশের জাতীয় প্রতীকে ৪টি তারকা রয়েছে। এই চারটি তারকা পাটগাছের তিনটি পাতার উভয় পাশে দুটি করে মোট চারটি লাল ৫ কোণা বিশিষ্ট তারকা।



# বাংলাদেশে দুর্নীতিকে দন্ডনীয় ঘোষণা করা হয়েছে যে বিধানে-

ক. ১৮৬০ সালে প্রণীত দণ্ডবিধিতে

খ. ২০০৪ সালে প্রণীত দুর্নীতি দমন কমিশন আইনে

গ. ২০১৮ সালে প্রণীত সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালাতে

**ঘ. উপরের সবগুলোতে**

# বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে নারী-পুরুষের সমতা নিশ্চিত করা হয়েছে?

| | |
|---|---|
| ক. ২৯(২) | খ. ২৮ (২) |
| গ. ৩৯(১) | ঘ. ৩৯(২) |

বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৮(২) অনুযায়ী রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী-পুরুষের সমান অধিকার নিশ্চিত করা হয়েছে। এই অনুচ্ছেদে বলা হয়েছে, "রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার লাভ করিবেন"।

# প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক শাসনব্যবস্থায় 'বিকল্প সরকার' বলতে কী বোঝায়?

ক. ক্যাবিনেট

খ. বিরোধী দল

গ. সুশীল সমাজ

ঘ. লোকপ্রশাসন বিভাগ

প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক শাসনব্যবস্থায় 'বিকল্প সরকার' বলতে বিরোধী দলকে বোঝানো হয়। এই ব্যবস্থায় বিরোধী দল সরকারের কার্যকলাপের উপর নজর রাখে এবং সরকারের ভুল বা জনবিরোধী পদক্ষেপের সমালোচনা করে। এটি নিশ্চিত করে যে সরকার জনগণের প্রতি দায়বদ্ধ থাকে এবং স্বৈরাচারী বা দুর্নীতিপরায়ণ না হয়ে ওঠে।

# একনেক (ECNEC)-এর প্রধান কে?

ক. প্রধানমন্ত্রী

খ. অর্থমন্ত্রী

গ. বাণিজ্যমন্ত্রী

ঘ. পরিকল্পনা মন্ত্রী

বাংলাদেশের অর্থনৈতিক নীতি ও উন্নয়ন পরিকল্পনার অনুমোদনের সর্বোচ্চ কর্তৃপক্ষ হলো জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (ECNEC)। ECNEC- এর সভাপতি হলেন প্রধানমন্ত্রী এবং বিকল্প সভাপতি অর্থমন্ত্রী।

## বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে 'বার্ষিক আর্থিক বিবৃতি'-এর কথা উল্লেখ করা হয়েছে?

ক. ৮১ | খ. ৮৫

গ. ৮৭ | ঘ. ৮৮

বাংলাদেশ সংবিধানের ৮৭ নং অনুচ্ছেদে 'বার্ষিক আর্থিক বিবৃতি' বা বাজেট সম্পর্কে উল্লেখ করা হয়েছে। এই অনুচ্ছেদ অনুযায়ী, প্রতিটি অর্থ-বৎসর সম্পর্কে সরকারের অনুমিত আয় ও ব্যয়ের একটি বিবৃতি সংসদে উপস্থাপন করতে হবে।

## বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সংবিধানের কত অনুচ্ছেদ অনুযায়ী গঠিত?

ক. ১৩৬ খ. ১৩৭

গ. ১৩৮ ঘ. ১৪০

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সংবিধানের ১৩৭ নং অনুচ্ছেদ অনুযায়ী গঠিত হয়। এই অনুচ্ছেদ অনুযায়ী, আইনের মাধ্যমে একটি বা একাধিক সরকারি কর্ম কমিশন গঠনের বিধান রয়েছে এবং প্রত্যেক কমিশন একজন সভাপতি ও অন্যান্য সদস্য নিয়ে গঠিত হবে।

# বাংলাদেশের শাসন বিভাগের সর্বোচ্চ ব্যক্তি কে?

ক. প্রধান বিচারপতি

খ. সেনাপ্রধান

গ. প্রধানমন্ত্রী

ঘ. রাষ্ট্রপতি

বাংলাদেশের সাংবিধানিক প্রধান হলেন রাষ্ট্রপতি। তিনি আইন, শাসন এবং বিচার বিভাগের সকল শাখার আনুষ্ঠানিক প্রধান এবং সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক।

বাংলাদেশের বর্তমান সরকার ব্যবস্থা সংসদীয় পদ্ধতির। এই পদ্ধতিতে প্রধানমন্ত্রীর হাতে সরকারের প্রধান ক্ষমতা ন্যস্ত থাকে।

# বাংলাদেশের গ্রামের সংখ্যা কত?

ক. ৬৮৫৭০টি

খ. ৭৫৪৩৫টি

গ. ৮৭২২৮টি

ঘ. ৯০২৩৪টি

ষষ্ঠ জনশুমারি ২০২২ অনুযায়ী বাংলাদেশে মোট গ্রামের সংখ্যা ৯০০৪৯টি।

উল্লেখ্য, এশিয়ার বৃহত্তম গ্রাম বানিয়াচং (হবিগঞ্জ জেলায় অবস্থিত)

# বাংলাদেশের সংবিধানে কতটি অনুচ্ছেদ আছে?

ক. ১৬৩টি

খ. ১৪৭টি

গ. ১৫৩টি

ঘ. ১৫০টি

- **মোট অনুচ্ছেদ:** ১৫৩টি
- **মোট ভাগ:** ১১টি
- **মোট পরিচ্ছেদ:** ১৩টি
- **মোট তফসিল:** ৭টি

# পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের কার্যালয় অবস্থিত-

ক. ঢাকা

খ. রাঙ্গামাটি পার্বত্য জেলা

গ. বান্দরবান পার্বত্য জেলা

ঘ. খাগড়াছড়ি পার্বত্য জেলা

- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয় রাঙ্গামাটিতে অবস্থিত।
- ২০১৪ সালে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড অধ্যাদেশ, ১৯৭৬ রহিত করে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড আইন, ২০১৪ নামে নতুন একটি আইন প্রণয়ন করে একে স্বতন্ত্র সংবিধিবদ্ধ সংস্থায় রূপান্তর করা হয়।

**সংবিধিবদ্ধ সংস্থা** হলো এমন একটি প্রতিষ্ঠান যা কোনো দেশের সংসদ বা আইনসভা কর্তৃক প্রণীত আইনের (সংবিধি) মাধ্যমে গঠিত হয় এবং সেই আইন অনুসারে পরিচালিত হয়। এই সংস্থাগুলোর নির্দিষ্ট আইনি ক্ষমতা থাকে, যা আইন দ্বারা নির্ধারিত হয় এবং নির্দিষ্ট কিছু ক্ষেত্রে সরকারের হয়ে কাজ করে বা নিয়ন্ত্রণ করে।

## কোন অনুচ্ছেদ বলে বাংলাদেশের সংবিধানের মৌলিক বিধানাবলি পরিবর্তনযোগ্য নয়?

ক. অনুচ্ছেদ ৭ খ. অনুচ্ছেদ ৭(ক)

গ. অনুচ্ছেদ ৭(খ) ঘ. অনুচ্ছেদ ৮

- **৭খ:** এই অনুচ্ছেদটি পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে সংবিধানে অন্তর্ভুক্ত করা হয়েছে।
- বাংলাদেশের সংবিধান মৌলিক বিধানাবলী পরিবর্তনযোগ্য নয় বলা হয়েছে অনুচ্ছেদ ৭(খ)-তে।

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে জনস্বাস্থ্য ও নৈতিকতার বিষয়টি আলোচিত হয়েছে?

ক. অনুচ্ছেদ ১৩

খ. অনুচ্ছেদ ১৮

গ. অনুচ্ছেদ ২০

ঘ. অনুচ্ছেদ ২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৮ নং অনুচ্ছেদে জনস্বাস্থ্য ও নৈতিকতার বিষয়টি আলোচিত হয়েছে। এই অনুচ্ছেদে জনগণের পুষ্টির স্তর উন্নয়ন ও জনস্বাস্থ্যের উন্নতিসাধনকে রাষ্ট্রের অন্যতম প্রাথমিক কর্তব্য হিসেবে উল্লেখ করা হয়েছে।

# বাংলাদেশে প্রথম সাধারণ নির্বাচন কখন অনুষ্ঠিত হয়?

ক. ৭ মার্চ  ১৯৭৩

খ. ১৭ মার্চ ১৯৭৩

গ. ২৭ মার্চ ১৯৭৩

ঘ. ৭ মার্চ ১৯৭৪

| ← ১৯৭০ | **৭ মার্চ ১৯৭৩** | ১৯৭৯ → |
|---|---|---|

নির্বাচিত সদস্য →

জাতীয় সংসদের ৩০০টি আসনের
সংখ্যাগরিষ্ঠতা পাওয়ার জন্য প্রয়োজন ১৫১টি আসন

| **তালিকাবদ্ধ ভোটার** | ৩,৫২,০৫,৬৪২ | | |
|---|---|---|---|
| |  |  |  |
| **নেতা** | শেখ মুজিবুর রহমান | সিরাজুল আলম খান | আতাউর রহমান খান |
| **দল** | আ.লীগ | জাসদ | জাতীয় লীগ |
| **নেতা হন** | ১৯৬৩ | ১৯৭২ | ১৯৬৯ |
| **নেতার আসন** | ঢাকা-১২ | | ঢাকা-১৯ |
| **পূর্ববর্তী আসন** | ২৮৮ আসন | – | ০ আসন |
| **আসনপ্রাপ্তি** | ২৯৩ | ১ | ১ |
| **আসন পরিবর্তন** | ▲ ৫ | নতুন | ▲ ১ |
| **জনপ্রিয় ভোট** | ১,৩৭,৯৮,৭১৭ | ১,২২৯,১১০ | ৬২,৩৫৪ |
| **শতকরা** | ৭৩.২% | ৬.৫% | ০.৩% |

## ১৯৭২ সালের বাংলাদেশের সংবিধানে রাষ্ট্রীয় মূলনীতি কয়টি?

ক. ৩টি

খ. ১০টি

গ. ৫টি

ঘ. ৪টি

১৯৭২ সালের বাংলাদেশের সংবিধানে চারটি রাষ্ট্রীয় মূলনীতি ছিল: জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র এবং ধর্মনিরপেক্ষতা। এই মূলনীতিগুলো সংবিধানে রাষ্ট্র পরিচালনার ভিত্তি হিসেবে গ্রহণ করা হয়েছিল।

# সংবিধান সংস্কার কমিশন কয়টি মূলনীতির সুপারিশ করেছে?

- সংবিধান সংস্কার কমিশন পাঁচটি মূলনীতির সুপারিশ করেছে:
- সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক সুবিচার, বহুত্ববাদ এবং গণতন্ত্র।

# স্বাধীনতালগ্নে বাংলাদেশের জেলা ছিল কতটি?

ক. ১৯

খ. ২১

গ. ৩২

ঘ. ৬৪

- **১৯৭১ সালে স্বাধীনতা লাভের পর:** বাংলাদেশের মোট ১৯টি জেলা ছিল।
- ১৯৮৪ সালে প্রশাসনিক পুনর্বিন্যাসের মাধ্যমে জেলার সংখ্যা বৃদ্ধি করে ৬৪টি করা হয়, যা মূলত ১৯৮৪ সালে এরশাদ সরকারের অধীনে ঘটে।

# সংসদীয় পদ্ধতিতে সর্বোচ্চ পদমর্যাদার অধিকারী কে?

ক. রাষ্ট্রপতি
খ. স্বরাষ্ট্রমন্ত্রী
গ. প্রধানমন্ত্রী
ঘ. স্পিকার

সংসদীয় পদ্ধতিতে সর্বোচ্চ পদমর্যাদার অধিকারী হলেন রাষ্ট্রপতি। তিনি বাংলাদেশের সাংবিধানিক রাষ্ট্রপ্রধান এবং দেশের সর্বোচ্চ পদমর্যাদার অধিকারী। যদিও প্রধানমন্ত্রী সরকার প্রধান এবং নির্বাহী ক্ষমতার অধিকারী, রাষ্ট্রপতির পদমর্যাদা সংসদীয় পদ্ধতিতে সর্বোচ্চ।

# বাংলাদেশের সাংবিধানিক নাম কী?

**ক.** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

খ. বাংলাদেশ প্রজাতন্ত্র

গ. গণতান্ত্রিক বাংলাদেশ

ঘ. প্রজাতান্ত্রিক বাংলাদেশ

- বাংলাদেশের সাংবিধানিক নাম হলো গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।
- বাংলাদেশের সংবিধানের নাম হলো "গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান"।